

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিস্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: [www.explosives.gov.bd](http://www.explosives.gov.bd)

শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী  
তারিখ : ২৩ নভেম্বর, ২০২০  
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা  
স্থান : প্রধান বিস্ফোরকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিস্ফোরক পরিদপ্তরের বিস্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন আলোচ্যসূচি উপস্থাপন করেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্ব সভাপতি তাঁর আলোচনার মাধ্যমে সভায় তুলে ধরেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্বারোপ করে তিনি বলেন, ব্যক্তি ও সমাজ জীবনে শুদ্ধাচার ও উত্তম চর্চা অপরিসীম ভূমিকা পালন করে। সেবা গ্রহীতা এবং সেবা দাতা উভয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার ভূমিকা রয়েছে।

অত্র দপ্তরের সেবা গ্রহণের ক্ষেত্রে সভায় উপস্থিত অংশীজনদের কোনো অভিযোগ রয়েছে কীনা তিনি জানতে চান। সেবা গ্রহীতার জানান, সেবা গ্রহণ নিয়ে তাদের বিশেষ কোনো অভিযোগ নেই। কোভিড-১৯ পরিস্থিতিতে অত্র দপ্তরের সেবা নিয়ে সভায় উপস্থিত সবাই সন্তোষ প্রকাশ করেন। তারা সবাই সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সেবা গ্রহীতার জানান যে, এনওসি প্রাপ্তির ক্ষেত্রে আরো দ্রুত পেলে তাদের জন্য সুবিধা হয়। সভাপতি জানান, সিটিজেন চার্চার অনুযায়ী এনওসি প্রদানের ক্ষেত্রে ৭ কার্যদিবস উল্লেখ রয়েছে। ৭ দিনের পূর্বেই এই দপ্তর হতে এনওসি প্রদানের সর্বোচ্চ চেষ্টা করা হয়।


সভাপতি বলেন, প্রজ্বলনীয়/বিপদজ্জনক পদার্থের এনওসির আবেদনের ক্ষেত্রে আবেদন পত্রে পদার্থটির সঠিক ব্যবহার উল্লেখ করতে হবে। প্রত্যেক কোম্পানিকে আমদানি ও মজুদকৃত পদার্থের স্টক রেজিস্টার মেইনটেইন করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতিতে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের অফিসে মাস্ক পরিধান করে প্রবেশ করতে হবে। দূরত্ব বজায় রেখে সেবা গ্রহণ করতে হবে। সকলের সুস্থতার জন্য ১ (এক) জন করে রুমে প্রবেশ করতে হবে। সভাপতি সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের সর্বোচ্চ সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার প্রয়োগ করতে হবে।
- (খ) সেবা গ্রহীতাদের সেবা প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে।
- (গ) কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সেবা আদান প্রদান করতে হবে।
- (ঘ) নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সেবা প্রদান করতে হবে।



২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(দিদারে আলিম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)

প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা.)

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)